

স্মারক নম্বর-০৫.৫০.১০৯৪.০০০.০৫.০০৯.২৩. ৬৫০

তারিখ : ২১ চৈত্র ১৪২৯  
০৪ এপ্রিল ২০২৩

### নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫ (সংশোধিত ২০১৬ ও ২০১৭) মোতাবেক বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের পার্শ্বে উল্লিখিত শূন্যপদে অস্থায়ীভিত্তিতে মহল্লাদার (গ্রাম পুলিশ) পদে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদনপত্র আগামী ৩০ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া বরাবর দাখিল করতে হবে।

ক্রম	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	শূন্য পদের সংখ্যা	বেতন	শিক্ষাগত যোগ্যতা
০১	আটমুল	০২	০১	সর্বসাকুল্য (ইউপি অংশ+সরকারি অংশ)	প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা স্বীকৃত শিক্ষাবোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
০২	পিরব	১, ৪, ৭	০৩	৬,৫০০/- তৎসহ অন্যান্য ভাতাদি।	
০৩	দেউলী	০১ ও ০৫	০২		
০৪	রায়নগর	০১	০১		

#### শর্তাবলী :

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ০২। আবেদনপত্রে প্রার্থীর (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) উচ্চতা (ঝ) জন্ম তারিখ (ঞ) বয়স (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) বৈবাহিক অবস্থা (ড) অভিজ্ঞতা (যদি থাকে) (ঢ) বিশেষ কোটার নাম উল্লেখসহ চাকুরীর নির্ধারিত ফরমে প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে।
- ০৩। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।  
(ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকত্ব সনদপত্র।  
(খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।  
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।  
(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের রসিন ছবি ০৪(চার) কপি  
(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি।  
(ঙ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।  
(চ) বিশেষ কোটার কোন প্রার্থী হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণক সংযুক্ত করতে হবে।  
(ছ) অব্যবহৃত ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাকাটিকেট সম্বলিত ৪.৫ বাই ১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে। খামে মোবাইল নম্বর ও যোগাযোগের ঠিকানা উল্লেখ করতে হবে।  
(চ) উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া এর অনুকূলে ৩০০ (তিনশত) টাকার অফেরযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসংযুক্ত করতে হবে।  
(ছ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সত্যায়িত অনুলিপি।  
(জ) আবেদনকারীকে সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য কর্তৃক প্রার্থীত ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা মর্মে প্রত্যয়নপত্র সংযোজন করতে হবে।
- ০৪। নিয়োগ ও চাকুরির ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিমালা অনুসরণ করা হবে।

